2

তারিখ 25 JUL 1996
পৃষ্ঠা ১২ কলাম ৬

দৈনিক বাংলা

# পটুয়াখালীর ৬টি থানায় প্রাথমিক শিক্ষা বিভাগের ৯৮টি পদ খালি

সংবাদদাতা ঃ পটুয়াখালী।– পটুয়াখালী জেলার ৬টি থানায় প্রাথমিক শিক্ষা বিভাগের ৯৮টি পদ দীর্ঘদিন যাবৎ খালি থাকায় শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। ফলে জেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে ছাত্র/ছাত্রীর সংখ্যা পূর্বের তুলনায় দিন দিন হ্রাস পাচ্ছে।

জানা গেছে, এ জেলায় শিক্ষা অফিসারের ২টি পদ, সহকারী শিক্ষা অফিসারের ৬টি পদ, প্রধান শিক্ষকের ১১টি পদ এবং সহকারী শিক্ষকের ৭৯টি পদ দীর্ঘদিন যাবৎ খালি রয়েছে।

জেলার দশমিনা ও কলাপাড়া থানা শিক্ষা অফিসারের পদ, ২টি সহকারী থানা শিক্ষা অফিসারের মধ্যে কলাপাড়া থানায় ২টি পদসহ বাউফল, গলাচিপা, দশমিনা এবং মৃজাগঞ্জ থানায় ১টি করে। প্রধান শিক্ষকের পদগুলোর মধ্যে সদর থানায় ১টি, বাউফল ২টি, গলাচিপা ৫টি, দশমিনায় ১টি এবং কলাপাড়া থানায় ২টি করে পদ খালি রয়েছে। এছাড়াও জেলার বিভিন্ন থানায় ৭৯টি সহকারী শিক্ষকের পদ খালি রয়েছে।

এ বিপুলসংখ্যক কর্মকর্তা ও শিক্ষক পদ খালি থাকায় জেলায় প্রাথমিক শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হওয়ায় অভিভাবক মহল দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মহলের হস্তক্ষেপ কামনা করছে।